GKM – HIST(B&E)

# 2020

# HISTORY

**Time – 3 Hours 15 Minutes**

*(First 15 minutes for reading the question paper only)*

**Full Marks – 90** For Regular Candidates

**Full Marks – 100** For External Candidates

*Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

['ক' বিভাগ থেকে 'ঙ' বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন নিয়মিত ও বহিরাগত সব পরীক্ষার্থীদের জন্য । 'চ' বিভাগে প্রদত্ত প্রশ্ন শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য]

('ক' বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক । অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয় । 'খ' বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীরা বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে । অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে ।)

## বিভাগ 'ক'

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ : ১×২০=২০

১.১ 'বিশ্বপরিবেশ দিবস' পালিত হয় —

(ক) ৮ই জানুয়ারি (খ) ২৪শে ফেব্রুয়ারি

(গ) ৮ই মার্চ (ঘ) ৫ই জুন

[Turn over

১.২ ভারতীয়রা আলুর ব্যবহার শিখেছিল যাদের কাছ থেকে —

(ক) পর্তুগিজ (খ) ইংরেজ

(গ) মুঘল (ঘ) ওলন্দাজ

১.৩ প্রথম সরকারি শিক্ষা কমিশন (হান্টার কমিশন) গঠিত হয় —

(ক) ১৮৭২ খ্রিঃ (খ) ১৮৭৮ খ্রিঃ

(গ) ১৮৮২ খ্রিঃ (ঘ) ১৮৯০ খ্রিঃ

১.৪ দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মসমাজে যোগ দেন —

(ক) ১৮৩০ খ্রিঃ (খ) ১৮৩৩ খ্রিঃ

(গ) ১৮৪৩ খ্রিঃ (ঘ) ১৮৫০ খ্রিঃ

১.৫ বাংলার নবজাগরণ ছিল —

(ক) ব্যক্তিকেন্দ্রিক (খ) প্রতিষ্ঠানকেন্দ্রিক

(গ) কলকাতাকেন্দ্রিক (ঘ) গ্রামকেন্দ্রিক

১.৬ দ্বিতীয় অরণ্য আইনে (১৮৭৮) লাভবান হয়েছিল —

(ক) আদিবাসী সম্প্রদায়

(খ) ব্রিটিশ সরকার

(গ) ব্যবসায়ী শ্রেণি

(ঘ) ব্রিটিশ সরকার ও আদিবাসীশ্রেণি উভয়েই

১.৭ 'হুল' কথাটির অর্থ হল —

(ক) ঈশ্বর (খ) স্বাধীনতা

(গ) অস্ত্র (ঘ) বিদ্রোহ



DailyUseEnglishSentences.com

১.৮ মহারানির ঘোষণাপত্রের (১৮৫৮) প্রধান উদ্দেশ্য ছিল —

(ক) ভারতবাসীর আনুগত্য অর্জন

(খ) ভারতে ব্রিটিশদের একচেটিয়া ব্যবসার অধিকার লাভ

(গ) ভারতীয় প্রজাদের স্বায়ত্ত্বশাসনের অধিকার প্রদান

(ঘ) মহাবিদ্রোহে (১৮৫৭) বন্দী ভারতীয়দের মুক্তিদান

১.৯ ল্যান্ডহোল্ডার্স সোসাইটির সভাপতি ছিলেন —

(ক) রাজা রাধাকান্ত দেব (খ) প্রসন্ন কুমার ঠাকুর

(গ) রাজা রামমোহন রায় (ঘ) দ্বারকানাথ ঠাকুর

১.১০ হিন্দুমেলার সম্পাদক ছিলেন —

(ক) নবগোপাল মিত্র

(খ) গণেন্দ্রনাথ ঠাকুর

(গ) রাজনারায়ণ বসু

(ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর

১.১১ বাংলা ভাষায় প্রথম বই ছাপা হয় —

(ক) ১৫৫৬ খ্রিঃ (খ) ১৭৭৮ খ্রিঃ

(গ) ১৭৮৫ খ্রিঃ (ঘ) ১৮০০ খ্রিঃ

১.১২ বেঙ্গাল টেক্‌নিক্যাল ইনস্টিটিউট এর প্রথম অধ্যক্ষ ছিলেন —

(ক) অরবিন্দ ঘোষ (খ) সতীশচন্দ্র বসু

(গ) যোগেশচন্দ্র ঘোষ (ঘ) প্রমথনাথ বসু



DailyUseEnglishSentences.com

১.১৩ 'দেশপ্রাণ' নামে পরিচিত ছিলেন —

(ক) সতীশচন্দ্র সামন্ত

(খ) অশ্বিনীকুমার দত্ত

(গ) বীরেন্দ্রনাথ শাসমল

(ঘ) যতীন্দ্রমোহন সেনগুপ্ত

১.১৪ মোপলা বিদ্রোহ (১৯২১) হয়েছিল —

(ক) মালাবার উপকূলে

(খ) কোঙ্কন উপকূলে

(গ) গোদাবরী উপত্যকায়

(ঘ) তেলেঙ্গানা অঞ্চলে

১.১৫ 'মিরাট ষড়যন্ত্র মামলা' (১৯২৯) হয়েছিল —

(ক) জাতীয় কংগ্রেসের বিরুদ্ধে

(খ) বিপ্লবীদের বিরুদ্ধে

(গ) শ্রমিক নেতাদের বিরুদ্ধে

(ঘ) কৃষক নেতাদের বিরুদ্ধে

১.১৬ 'নারী সত্যাগ্রহ সমিতি' প্রতিষ্ঠিত হয়েছিল —

(ক) বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সময়ে

(খ) অসহযোগ আন্দোলনের সময়ে

(গ) আইন-অমান্য আন্দোলনের সময়ে

(ঘ) ভারত-ছাড়ো আন্দোলনের সময়ে

১.১৭ 'মাস্টার-দা' নামে পরিচিত ছিলেন —

(ক) বেণীমাধব দাস (খ) সূর্য সেন

(গ) কৃষ্ণকুমার মিত্র (ঘ) হেমচন্দ্র ঘোষ



DailyUseEnglishSentences.com

১.১৮ মাদ্রাজে 'আত্মসম্মান আন্দোলন' শুরু করেন —

(ক) রামস্বামী নাইকার (খ) নারায়ণ গুরু

(গ) ভীমরাও আম্বেদকর (ঘ) গান্ধিজি

১.১৯ স্বাধীনতার প্রাক্কালে ভারতের সবচেয়ে বড় দেশীয় রাজ্য ছিল —

(ক) কাশ্মীর (খ) জুনাগড়

(গ) হায়দ্রাবাদ (ঘ) জয়পুর

১.২০ পুনর্গঠিত কেরল রাজ্যটি অবস্থিত ছিল —

(ক) গোদাবরী উপত্যকায় (খ) দক্ষিণ উড়িষ্যায়

(গ) কাথিয়াবাড় উপদ্বীপে (ঘ) মালাবার উপকূলে

## বিভাগ 'খ'

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ **১টি** করে মোট **১৬টি** প্রশ্নের উত্তর দাও) : ১×১৬=১৬

### উপবিভাগ : ২.১

**একটি** বাক্যে উত্তর দাও : ১×৪=৪

(২.১.১) বিপিনচন্দ্র পালের আত্মজীবনী গ্রন্থের নাম কী ?

(২.১.২) কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে ছিলেন ?

(২.১.৩) কত খ্রিষ্টাব্দে 'নীল কমিশন' গঠিত হয় ?

(২.১.৪) 'বর্ণপরিচয়' কে রচনা করেন ?

[Turn over



DailyUseEnglishSentences.com

## উপবিভাগ : ২.২

ঠিক বা ভুল নির্ণয় কর : ১×৪=৪

(২.২.১) 'নদীয়া কাহিনী' গ্রন্থটি 'শহরের ইতিহাস'-এর অন্তর্গত।

(২.২.২) বাবা রামচন্দ্র ছিলেন ব্রাহ্মসমাজের নেতা।

(২.২.৩) ফরোয়ার্ড ব্লক প্রতিষ্ঠা করেন সুভাষচন্দ্র বসু।

(২.২.৪) লক্ষ্মীর ভাণ্ডার প্রতিষ্ঠা করেন বাসন্তী দেবী।

## উপবিভাগ : ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও : ১×৪=৪

| 'ক' স্তম্ভ | 'খ' স্তম্ভ |
|---|---|
| (২.৩.১) টমাস ব্যাবিংটন মেকলে | (১) ল্যান্ডহোল্ডার্স সোসাইটি |
| (২.৩.২) কেশবচন্দ্র সেন | (২) বর্তমান ভারত |
| (২.৩.৩) রাজা রাধাকান্ত দেব | (৩) পাশ্চাত্য শিক্ষা |
| (২.৩.৪) স্বামী বিবেকানন্দ | (৪) নববিধান |

## উপবিভাগ : ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত কর ও নামাঙ্কিত কর : ১×৪=৪

(২.৪.১) বাংলায় ওয়াহাবি আন্দোলনের কেন্দ্র — বারাসাত।

(২.৪.২) নীলবিদ্রোহের অন্যতম কেন্দ্র — যশোহর-নদিয়া।

(২.৪.৩) মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম কেন্দ্র — মিরাট।

(২.৪.৪) পুনর্গঠিত রাজ্য (১৯৬০) — মহারাষ্ট্র।

DailyUseEnglishSentences.com

অথবা

(কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)

শূন্যস্থান পূরণ কর : ১×৪=৪

(২.৪.১) সন্ন্যাসী-ফকির বিদ্রোহের একজন নেতা ছিলেন ________ ।

(২.৪.২) নীলবিদ্রোহের একটি কেন্দ্র ছিল ________ ।

(২.৪.৩) মহাবিদ্রোহের (১৮৫৭ খ্রিঃ) সময়ে ভারতের গভর্নর জেনারেল ছিলেন ________ ।

(২.৪.৪) হায়দ্রাবাদ রাজ্যটি স্বাধীন ভারতের অন্তর্ভুক্ত হয় ________ খ্রিষ্টাব্দে ।

উপবিভাগ : ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন কর :

১×৪=৪

(২.৫.১) বিবৃতি : হ্যালহেড তাঁর বাংলা ব্যাকরণ গ্রন্থ লেখেন এদেশীয় ইংরেজ কর্মচারীদের বাংলা ভাষা শেখাবার জন্য ।

ব্যাখ্যা ১ : কারণ, এ দেশের ইংরেজ কর্মচারীরা বাংলা ভাষা ও সাহিত্যের অনুরাগী ছিলেন ।

ব্যাখ্যা ২ : কারণ, বাংলা ভাষা না জানলে ইংরেজ কর্মচারীদের পদোন্নতি হত না ।

ব্যাখ্যা ৩ : কারণ, এ দেশে বাণিজ্য ও প্রশাসন চালাবার জন্য ইংরেজ কর্মচারীদের বাংলা ভাষা আয়ত্ত করা প্রয়োজন ছিল ।



DailyUseEnglishSentences.com

(২.৫.২) বিবৃতি : বারদৌলি সত্যাগ্রহ অনুষ্ঠিত হয় ১৯২৮ খ্রিষ্টাব্দে।

ব্যাখ্যা ১ : এই আন্দোলন ছিল, ভূ-স্বামী ধনী কৃষকদের অত্যাচারের বিরুদ্ধে ভূমিহীন দরিদ্র কৃষি-শ্রমিকদের আন্দোলন।

ব্যাখ্যা ২ : এই আন্দোলন ছিল, ভূমি রাজস্ব বৃদ্ধির প্রতিবাদে সরকারের বিরুদ্ধে ভূ-স্বামী ধনী কৃষকশ্রেণির আন্দোলন।

ব্যাখ্যা ৩ : এই আন্দোলন ছিল, ভূমি রাজস্ব বৃদ্ধির প্রতিবাদে ভূ-স্বামী ধনী কৃষকশ্রেণি এবং ভূমিহীন দরিদ্র কৃষক শ্রেণির মিলিত আন্দোলন।

(২.৫.৩) বিবৃতি : ভারতছাড়ো আন্দোলনের (১৯৪২) সময়ে ভোগেশ্বরী ফুকোননী পুলিশের গুলিতে মৃত্যুবরণ করেন।

ব্যাখ্যা ১ : ভোগেশ্বরী ফুকোননী পুলিশের সঙ্গে সশস্ত্র সংগ্রামে মারা যান।

ব্যাখ্যা ২ : পলাতকা বিপ্লবী ভোগেশ্বরী ফুকোননী আত্মসমর্পণ করতে অস্বীকৃত হলে পুলিশ তাঁকে গুলি করে।

ব্যাখ্যা ৩ : ভোগেশ্বরী ফুকোননী অসমের নওগাঁ জেলার পুলিশ থানায় জাতীয় পতাকা উত্তোলনের চেষ্টা করলে পুলিশের গুলিতে মারা যান।



DailyUseEnglishSentences.com

(২.৫.৪) বিবৃতি : সাম্প্রদায়িক বাঁটোয়ারার (১৯৩২) মাধ্যমে অনুন্নত শ্রেণিদের পৃথক নির্বাচনের ব্যবস্থা করা হলে গান্ধিজি তার প্রতিবাদে আমরণ অনশন শুরু করেন।

ব্যাখ্যা ১ : গান্ধিজি ছিলেন অনুন্নত শ্রেণিদের নির্বাচনী অধিকারের বিরোধী।

ব্যাখ্যা ২ : হিন্দু সম্প্রদায়ের মধ্যে বিভেদ তৈরীর প্রতিবাদে গান্ধিজি অনশন করেন।

ব্যাখ্যা ৩ : জাতীয় কংগ্রেসের নির্দেশে গান্ধিজি প্রতিবাদী অনশন করেছিলেন।

DailyUseEnglishSentences.com

## বিভাগ 'গ'

৩। দু'টি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো ১১টি) : ২×১১=২২

৩.১ আধুনিক ভারতের ইতিহাস চর্চার উপাদান রূপে 'সরকারি নথিপত্রে'র সীমাবদ্ধতা কী?

৩.২ আত্মজীবনী এবং স্মৃতিকথা বলতে কী বোঝায়?

৩.৩ এ দেশে পাশ্চাত্য শিক্ষা বিস্তারে খ্রিষ্টান মিশনারীদের প্রধান উদ্দেশ্য কী ছিল?

৩.৪ 'নববিধান' কী?

৩.৫ চুয়াড় বিদ্রোহের (১৭৯৮-১৭৯৯) গুরুত্ব কী ছিল?

৩.৬ ফরাজি আন্দোলন কী নিছক ধর্মীয় আন্দোলন ছিল?

৩.৭ 'ল্যান্ডহোল্ডার্স সোসাইটি' কী উদ্দেশ্যে প্রতিষ্ঠিত হয় ?

৩.৮ উনিশ শতকে জাতীয়তাবাদের উন্মেষে 'আনন্দ মঠ' উপন্যাসটির কীরূপ অবদান ছিল ?

৩.৯ বাংলার সাংস্কৃতিক জীবনে ছাপাখানার বিকাশের প্রভাব কতটা ?

৩.১০ ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থা ত্রুটিপূর্ণ ছিল কেন ?

৩.১১ মোপলা বিদ্রোহের (১৯২১) কারণ কী ?

৩.১২ কী উদ্দেশ্যে কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয় ?

৩.১৩ ১৯০৫ খ্রিষ্টাব্দের ১৬ই অক্টোবর বাংলার নারী সমাজ কেন অরন্ধন পালন করে ?

৩.১৪ ননীবালা দেবী স্মরণীয় কেন ?

৩.১৫ সর্দার প্যাটেলকে 'ভারতের লৌহমানব' বলা হয় কেন ?

৩.১৬ কী পরিস্থিতিতে রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩) গঠিত হয়েছিল ?

## বিভাগ 'ঘ'

৪। সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে। ৪×৬=২৪

### উপবিভাগ : ঘ.১

৪.১ 'উডের নির্দেশনামা' (১৮৫৪) কে এদেশের শিক্ষা বিস্তারের 'মহাসনদ' বলা হয় কেন ?

৪.২ শ্রীরামকৃষ্ণের 'সর্বধর্ম সমন্বয়'-এর আদর্শ ব্যাখ্যা কর।



DailyUseEnglishSentences.com

### উপবিভাগ : ঘ.২

৪.৩ মহাবিদ্রোহের (১৮৫৭) প্রতি শিক্ষিত বাঙালি সমাজের মনোভাব কীরূপ ছিল ?

৪.৪ ভারত সভার প্রতিষ্ঠা ও বিকাশে সুরেন্দ্রনাথ ব্যানার্জির ভূমিকা বিশ্লেষণ কর ।

### উপবিভাগ : ঘ.৩

৪.৫ বারদৌলি সত্যাগ্রহের প্রতি জাতীয় কংগ্রেসের কীরূপ মনোভাব ছিল ?

৪.৬ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সময়ে শ্রমিক শ্রেণির ভূমিকা কীরূপ ছিল ?

### উপবিভাগ : ঘ.৪

৪.৭ জুনাগড় রাজ্যটি কী ভাবে ভারতভুক্ত হয় ?

৪.৮ উদ্বাস্তু সমস্যা সমাধানে ভারত সরকার কী কী উদ্যোগ গ্রহণ করে ?

## বিভাগ 'ঙ'

৫। **পনেরো বা ষোলটি** বাক্যে যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ উনিশ শতকের প্রথমার্ধে সতীদাহ প্রথা বিরোধী প্রচেষ্টাগুলির পরিচয় দাও । রামমোহন রায় কী ভাবে সতীদাহ প্রথা বিরোধী আন্দোলনকে সাফল্যমন্ডিত করেন ? ৩+৫

৫.২ রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তা ও শান্তিনিকেতন ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও । ৫+৩

৫.৩ বাংলায় নমঃশূদ্র আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও । ৮



DailyUseEnglishSentences.com

## (কেবলমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

### বিভাগ 'চ'

৬। ৬.১ একটি পূর্ণ বাক্যে উত্তর দাও (যে কোনো ৪টি) :

১×৪=৪

৬.১.১ 'সোমপ্রকাশ' পত্রিকার সম্পাদক কে ছিলেন ?

৬.১.২ 'নীলদর্পণ' নাটকটি ইংরাজিতে কে অনুবাদ করেন ?

৬.১.৩ এশিয়াটিক সোসাইটি কোন বছর প্রতিষ্ঠিত হয় ?

৬.১.৪ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য কে ছিলেন ?

৬.১.৫ দীপালি সংঘ কে প্রতিষ্ঠা করেন ?

৬.১.৬ পুনা চুক্তি (১৯৩২) কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল ?

৬.২ দুটি বা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো তিনটি) : ২×৩=৬

৬.২.১ 'মেকলে মিনিট' কী ?

৬.২.২ তিতুমির স্মরণীয় কেন ?

৬.২.৩ পঞ্চানন কর্মকার কে ছিলেন ?

৬.২.৪ 'ভারতমাতা' চিত্রটির গুরুত্ব কী ?

৬.২.৫ 'নেহরু-লিয়াকৎ চুক্তি' (১৯৫০) কেন স্বাক্ষরিত হয় ?

DailyUseEnglishSentences.com